**অধ্যক্ষের কার্যালয়**
**চাঁদপুর সরকারি কলেজ, চাঁদপুর।**

বিজ্ঞপ্তি নং-২৩১ তারিখ: ১২/১২/২০২২ খ্রি.

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন চাঁদপুর সরকারি কলেজে ২০২১ শিক্ষাবর্ষে মাস্টার্স শেষ পর্ব (প্রাইভেট) কোর্সে ভর্তি/রেজিস্ট্রেশনের জন্য শিক্ষার্থীদের নিকট থেকে আবেদন আহ্বান করা যাচ্ছে। ভর্তির যোগ্যতা, সময়সূচি, ফিসের হিসাব, ফি জমাদান ও অন্যান্য নিয়মাবলি নিম্নে দেওয়া হলো। উল্লেখ্য যে, ভর্তি সংক্রান্ত কার্যক্রম অনলাইনের মাধ্যমে সম্পন্ন করা হবে।

| | |
|---|---|
| আবেদনের যোগ্যতা | ক)। জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৬ সাল ও তৎপরবর্তী সালসমূহে ০৪ (চার) বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম সিজিপিএ ২.২৫ প্রাপ্ত শিক্ষার্থীরা এ রেজিস্ট্রেশন কার্যক্রমে আবেদন করতে পারবে। তবে ০৪ (চার) মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় (পাস) ডিগ্রি প্রাপ্ত কোনো শিক্ষার্থী এ রেজিস্ট্রেশন কার্যক্রমে আবেদন করতে পারবে না। |
| | খ)। জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৬ সাল ও তৎপরবর্তী সালসমূহে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত/প্রাইভেট)/১ম পর্ব মাস্টার্স (নিয়মিত/প্রাইভেট) পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম জিপিএ ২.২৫ প্রাপ্ত এবং তৎসংশ্লিষ্ট ০৩ (তিন) বছর মেয়াদী স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম সিজিপিএ ২.২৫ প্রাপ্ত শিক্ষার্থীরা আবেদন করতে পারবে। |
| মাস্টার্স শেষ পর্ব প্রাইভেট কোর্সের ভর্তির বিষয়সমূহ | বাংলা, ইংরেজি, ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, দর্শন, রাষ্ট্রবিজ্ঞান, অর্থনীতি, হিসাববিজ্ঞান এবং ব্যবস্থাপনা। |
| ভর্তির তারিখ | ১৩/১২/২০২২ তারিখ থেকে ২৮/১২/২০২২ তারিখ পর্যন্ত (সরকারি ছুটির দিন ব্যতীত)। |
| ভর্তি ফি | এম.এ/এম.এস.এস/এম.বি.এ- ১৩৫০/- |
| অনলাইনে ভর্তির ফরম পূরণ ও প্রিন্ট কপি সংগ্রহের নিয়মাবলি | আবেদন ফরম পূরণের জন্য আবেদনকারীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েব সাইট **(www.nu.ac.bd/admissions) Masters Tab** এ প্রবেশ করে **Apply Now (Masters Private)** অপশনে ক্লিক করতে হবে এবং ওয়েব সাইটে প্রদর্শিত তথ্য ছকে প্রার্থীর স্নাতক (সম্মান)/স্নাতক (পাস) ও ১ম পর্ব মাস্টার্স/প্রিলিমিনারী টু মাস্টার্স পরীক্ষার রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর, পাশের সন, নিবন্ধিত ব্যক্তিগত মোবাইল নম্বর ও ই-মেইল এ্যাড্রেস সঠিকভাবে এন্ট্রি দিতে হবে। এ পর্যায়ে আবেদনকারী তার ভর্তি যোগ্য **(Eligible)** বিষয়ের তালিকা দেখতে পাবে। এই তালিকা থেকে প্রার্থীকে তার প্রার্থীত বিষয় নির্ধারণ করতে হবে। চাঁদপুর সরকারি কলেজে আবেদনের ক্ষেত্রে কলেজ কোড- ৩৯০১। আবেদন ফরম পূরণের সময় আবেদনকারীর সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজ রঙ্গিন ছবি স্ক্যান করে আপলোড করতে হবে। ছবির মাপ হবে ১২০ x ১৫০ **Pixels,Image Type:Jpg Maximum File Size: 50Kb.** সঠিক তথ্য ও ছবিসহ ছক পূরণ করে **Submit Application** অপশনে ক্লিক করতে হবে। এ পর্যায়ে আবেদনকারীর রোল নম্বর ও পিনকোড প্রদর্শিত হবে এবং ফরমটি **Download** করে **A4 (8.5''X 11'')** অফসেট কাগজে **(Print)** কপি নিতে হবে। |
| ভর্তির ফি প্রদানের নিয়মাবলি | বিকাশ অথবা নগদ অ্যাপস্-এর এডুকেশন ফি অপশনে প্রবেশ করে চাঁদপুর সরকারি কলেজ নির্বাচন করতে হবে। অতপর **Student ID** এর স্থলে অনলাইনে আবেদন ফরমের **Admission Roll** (যা ডাউনলোডকৃত আবেদন ফরমে উল্লেখ আছে) লিখে **December-22 Select** করে আবেদন ফি বাবদ ১৩৫০/-(একহাজার তিনশত পঞ্চাশ) টাকা (সার্ভিস চার্জ স্বয়ংক্রিয়ভাবে কাটা যাবে) নিশ্চিত হয়ে ট্যাপ করে **Payment** সম্পন্ন করতে হবে। মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে ১৪/১২/২০২২ তারিখ হতে ২৮/১২/২০২২ তারিখ বিকাল ৪:০০টার মধ্যে ফি জমা প্রদান করতে হবে। |
| ভর্তির ফরম জমা দেওয়ার নিয়মাবলী: | মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে ফি পরিশোধের পর ফি জমাদানের রশিদ, জাতীয় বিশ্ববিদ্যালয় হতে ডাউনলোডকৃত ভর্তির ফরমসহ আগামী ২৯/১২/২০২২ তারিখের মধ্যে কলেজ অফিসে অবশ্যই জমা দিতে হবে। অন্যথায় ভর্তি কার্যক্রম সম্পন্ন হয়নি বলে গণ্য করা হবে। |

নিয়মাবলি :

১। দ্বৈত ভর্তি সম্পর্কে জরুরী নির্দেশনা: জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে মাস্টার্স (নিয়মিত/ প্রাইভেট) পরীক্ষায় উত্তীর্ণ অথবা অন্য যে কোনো প্রোগ্রামে (যে শিক্ষাবর্ষে হোক না কেন) বর্তমানে অধ্যায়নরত কোনো শিক্ষার্থী ২০২১ সালের মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে আবেদন করতে পারবে না। এ লক্ষ্যে " জাতীয় বিশ্ববিদ্যালয়/ যে কোনো বিশ্ববিদ্যালয়ের অধীনে কোনো শিক্ষা কার্যক্রমে বর্তমানে আমি ভর্তি/অধ্যয়নরত নই। দ্বৈত ভর্তির ক্ষেত্রে জাতীয় বিশ্ববিদ্যালয়ের বিধান অনুযায়ী উভয় ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল সংক্রান্ত সিদ্ধান্ত আমি মেনে নিতে বাধ্য থাকবো"- মর্মে আবেদনকারীর স্বাক্ষরিত অঙ্গীকারনামা স্ক্যান করে অনলাইন আবেদনে আপলোড করতে হবে। উক্ত শর্ত ভঙ্গ করে কোনো শিক্ষার্থী দ্বৈত ভর্তি হলে তার উভয় ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।

বি.দ্র. সংশ্লিষ্ট সকলকে কোভিড-১৯ মহামারি সম্পর্কিত সকল স্বাস্থ্যবিধি মেনে-এ ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে।

১২/১২/২০২২
অধ্যক্ষ
চাঁদপুর সরকারি কলেজ
চাঁদপুর।

অধ্যক্ষ
চাঁদপুর সরকারি কলেজ
চাঁদপুর।

অনুলিপি :

১। উপাধ্যক্ষ, চাঁদপুর সরকারি কলেজ, চাঁদপুর।
২। বিভাগীয় প্রধান, সকল বিভাগ, চাঁ.স.ক।
৩। কলেজ ওয়েবসাইট: www.chandpurcollege.edu.bd
৪। অফিস নথি।